

নির্বাচন কমিশন এ্যালামনাই এসোসিয়েশন ঢাকা গভঃ মুসলিম হাই স্কুল

তারিখঃ ২৭-০৩-২০২৪ইং

বিজ্ঞপ্তি

এতদ্বারা এ্যালামনাই এসোসিয়েশন ঢাকা গভঃ মুসলিম হাই স্কুল এর সম্মানিত সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৭ সালের এ্যালামনাই এসোসিয়েশন ঢাকা গভঃ মুসলিম হাই স্কুলের নতুন কার্যকরী কমিটির নির্বাচনের লক্ষ্যে একটি সুষ্ঠু ভোটার তালিকা প্রনয়নের জন্য নির্বাচন কমিশন বিগত ১১/০৩/২০২৪ ইং তারিখে অনলাইন বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে বর্তমান কার্যকরী কমিটিকে ১৫/০৩/২০২৪ ইং তারিখের মধ্যে ভোটার তালিকা হালনাগাদ করার নির্দেশনা প্রদান করে।

কার্যকরী কমিটি উক্ত নির্দেশনা মোতাবেক ১৮/০৩/২০২৪ইং তারিখে নির্বাচন কমিশনের নিকট ৩৪৬ জনের একটি ভোটার তালিকা প্রেরন করে। উক্ত ভোটার তালিকা বিশ্লেষণে দেখা যায় যে, ৩৪৬ জনের মধ্যে ৩৪ জন নতুন ভোটার এবং বাকি ৩১২ জন ভোটার বিগত ২০২০ সালে প্রনীত ভোটার তালিকা থেকে নেয়া হয়েছে। এখানে উল্লেখ্য যে, ২০২০ সালের ভোটার তালিকার বেশ কয়েকটি ব্যাচের সদস্যরা সময়ের অভাবে পবিত্র মাহে রমজান চলমান থাকায় তারা তাদের ভোটার তালিকা হালনাগাদ করতে পারেনি।

এমতাবস্থায় বর্তমান নির্বাচন কমিশন মনে করে নতুন পুরাতন সকল সদস্যদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ দেয়া প্রয়োজন। একটি সুষ্ঠু ভোটার তালিকা প্রনয়ন ও সুষ্ঠু নির্বাচন সম্পন্নের লক্ষ্যে এ্যালামনাই এসোসিয়েশনের গঠনতন্ত্রের ২৪(ঝ) ধারা মোতাবেক ১২(খ) এবং ২৪(ঞ) ধারা রহিত করা হল।

এহেন পরিস্থিতিতে নির্বাচন কমিশন ২০২০ সালের ভোটার তালিকা হতে ৮৬৫ জন এবং ২০২৪ সালের নতুন ৩৪ জন ভোটারকে একত্র করে মোট ৯০৯ জন সদস্য কে বৈধ ভোটার ঘোষণা করে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করছে।

এখানে উল্লেখ্য যে, ৮৬৫ জনের ভোটার তালিকার মধ্যে যারা মৃত্যুবরণ করেছেন তাদের নাম বাদ যাবে।

১) মোঃ আঃ জলিল
নির্বাচন কমিশনার

২) ডাঃ মোঃ সামসুজ্জামান
নির্বাচন কমিশনার

৩) মোঃ মালিক নাজমুল হায়দার
প্রধান নির্বাচন কমিশনার